

দায়িত্ব নিলেন বিমানের নতুন এমডি

- A Monitor Desk Report

Date: 31 May, 2024



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (সচিব) শফিউল আজিমের বিমানে শেষ কর্মদিবস বুধবার (২৯ মে) বিদায়ি সংবর্ধনার আয়োজন করা হয়। এছাড়া বিমানের নতুন ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (অতিরিক্ত সচিব) মোঃ জাহিদুল ইসলাম ভূঞাকে বলাকায় স্বাগত জানানো হয়।

অনুষ্ঠানে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পরিচালকগণ ও উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অপরদিকে, বৃহস্পতিবার (৩০ মে) প্রথমবারের মত বিমানের প্রধান কার্যালয় বলাকায় বিমানের উর্ধ্বতন কর্মকর্তা, বিমানকেন্দ্রিক বিভিন্ন ইউনিয়ন ও এসোসিয়েশনের নেতাদের সঙ্গে মতবিনিময় করেন নতুন ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (অতিরিক্ত সচিব) মোঃ জাহিদুল ইসলাম ভূঞা।

অনুষ্ঠানে বিভিন্ন পরিদপ্তরের কর্মকর্তারা স্ব স্ব পরিদপ্তরের কার্যক্রম ও বর্তমান অবস্থা উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও উপস্থিত কর্মকর্তাদের নিজ নিজ জায়গা থেকে সর্বোচ্চ দায়িত্ববোধ ও কর্মনিষ্ঠা নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের উন্নয়নে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

মো. জাহিদুল ইসলাম ভূঞা ২৯ মে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও হিসেবে যোগদান করেন। এর আগে তিনি প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টার একান্ত সচিব হিসেবে গত সাড়ে ৫ বছর প্রধানমন্ত্রীর কার্যালয়ে কর্মরত ছিলেন। মাঠ প্রশাসনের বিভিন্ন পদে দায়িত্ব পালনের পর তিনি শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

তিনি বাংলাদেশ দূতাবাস সিউলেও দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে বিএসসি

ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করেছেন এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয় থেকে গভর্নেন্স অ্যান্ড ডেভেলপমেন্ট বিষয়ে এমএ ডিগ্রি অর্জন করেছেন।

-Biplob